

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন -২ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৬.২৮.৫০৬.০২ (অংশ-১)-০৪

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৬
০১ জুলাই ২০১৯

নিয়োগ আদেশ


পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-এর বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের রাজস্ব খাতভুক্ত 'হিসাবরক্ষক' এর স্থায়ী শূন্য পদে নিম্নোক্ত প্রার্থীকে জাতীয় বেতনস্কেল ২০১৫-এর টাকা ১১,৩০০-২৭,৩০০/- টাকা বেতনক্রমে (গ্রেড ১২) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভিত্তিতে শিক্ষানবীশ হিসাবে নিয়োগ করা হলো:

রোল নম্বর	নাম, পিতা/স্বামী/মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
২৯	নাম: মো. ফয়সাল আতিক পিতা: মো. সেকেন্দার আলী মাতা: রোকসানা বেগম	বাসা নং-৬/এ, শালবন রোড -১, ওয়ার্ড নং-২৫ রংপুর সদর, জেলা: রংপুর পোস্ট কোড: ৫৪০০	বাসা নং-৬/এ, শালবন রোড -১, ওয়ার্ড নং-২৫ রংপুর সদর, জেলা: রংপুর পোস্ট কোড: ৫৪০০

শর্তাবলী:

- (ক) চাকুরীতে যোগদানের সময় শারীরিক সুস্থতার স্বপক্ষে সিভিল সার্জন-এর নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে।
- (খ) এই নিয়োগ চাকুরীতে যোগদানের তারিখ হতে কার্যকর হবে এবং চাকুরীতে যোগদানের পর যথারীতি প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ এই নিয়োগ বাতিল করতে পারবে।
- (গ) কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকলে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- (ঘ) এই নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এইরূপ ক্ষেত্রে চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তার চাকুরী নিয়ন্ত্রিত হবে।
- (ঙ) এই চাকুরীতে যোগদানের জন্য তাকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- (চ) উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ৩১ জুলাই ২০১৯ তারিখের মধ্যে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা এর বরাবরে যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে চাকুরীতে যোগদান করতে ইচ্ছুক নয় মর্মে গণ্য করা হবে এবং এ নিয়োগ আদেশ বাতিল হবে।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।


সৌমিত্র কুমার পাল
সহকারী সচিব
☎ -৫৫০০৭৩৮৩

অপর পৃষ্ঠার দ্রষ্টব্য:


পূর্ব পৃষ্ঠার পর:

নং-৫২.০০.০০০০.০০৬.২৮.৫০৬.০২ (অংশ-১)-০৪

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৬
০১ জুলাই ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। জেলা প্রশাসক, রংপুর।
- ৩। সিভিল সার্জন ঢাকা/রংপুর জেলা।
- ৪। আয়ন ব্যয়ন কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁ, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। মো. ফয়সাল আতিক (রোল নম্বর-২৯), বাসা নং-৬/এ, শালন, রোড -১, ওয়ার্ড নং-২৫, রংপুর সদর,
জেলা: রংপুর, পোস্ট কোড: ৫৪০০
- ৯। ব্যক্তিগত নথি/গার্ড নথি/অফিস কপি।


সৌমিত্র কুমার পাল
সহকারী সচিব